ত্রৈমাসিক

রাজউক বার্তা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশনা

ভলিউম-৪ ▪ সংখ্যা-৪ ▪ এপ্রিল-জুন ২০১২, বাংলা ১৪১৯

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)

রাজউক ভবন, ঢাকা-১০০০

ফোন : ৮৮-০২-৯৫৫৭৬৯৫

www.rajukdhaka.gov.bd

উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা

প্রকৌশলী মোঃ নূরুল হুদা

চেয়ারম্যান, রাজউক

উপদেষ্টাবৃন্দ

নাজমুল হাই, সদস্য, রাজউক

আখতার হোসেন ভুইয়া, সদস্য, রাজউক

শেখ আব্দুল মান্নান, সদস্য, রাজউক

তপন কুমার দাস, সদস্য, রাজউক

সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক, রাজউক

মোহাম্মদ মোস্তফা, সচিব, রাজউক।

সম্পাদনা পরিষদ

প্রধান সম্পাদক

এম মাহবুব উল আলম

সদস্য (উন্নয়ন), রাজউক

সম্পাদক

মোঃ আশরাফ আলী আখন্দ

সহকারী সম্পাদক

মোঃ মুসা আখন্দ

মাহফুজা আক্তার

ঈদ শুভেচ্ছা

সমগ্র দেশবাসীকে রাজউক বার্তার পক্ষ থেকে রমজানুল মোবারক ও ঈদ-উল ফিতর-এর শুভেচ্ছা

অন্য পাতায়

বিষয় শাখা	০১	নগর পরিকল্পনা	০২
নকশা অনুমোদন	০৩	উন্নয়ন	০৩
উন্নয়ন নিয়ন্ত্রণ	০৪	প্রশাসন	০৫
হিসাব	০৭	নিরীক্ষা	০৭
আইন বিষয়ক	০৮	বিবিধ	০৮

বিষয় শাখা

ঝিলমিল প্রকল্পে প্লট বরাদ্দের লটারী ও নির্বাচন অনুষ্ঠিত

ঝিলমিল প্রকল্পের প্লট বরাদ্দের ১ম দফার ২২টি ক্যাটাগরির লটারী অনুষ্ঠান ১১ এপ্রিল ২০১২ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাপতিত্বে লটারী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এডভোকেট আব্দুল মান্নান খান এম.পি। উন্মুক্ত অনুষ্ঠানটিতে প্লটের আবেদনকারীসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও আমন্ত্রিত গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঝিলমিল প্রকল্পের প্লট বরাদ্দের লটারী অনুষ্ঠান

লটারী কার্যক্রম দর্শকদের Visible করার জন্য প্রজেকশন স্ক্রীনে প্রদর্শিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, বর্তমান সরকার রাজউকের প্লট বরাদ্দ বুয়েটের সহায়তায় পূর্বের ন্যায় শতভাগ স্বচ্ছতার সাথে সম্পন্ন করেছে। ভবিষ্যতেও বরাদ্দ প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিত করা হবে। ২য় দফায় গত ১৬ মে ২০১২ তারিখে সরকারী চাকুরিজীবি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিজীবি ক্যাটাগরির এবং ৩য় দফায় ২৯ জুন ২০১২ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিক ও পেশাজীবীসহ বাদবাকি ক্যাটেগরির বরাদ্দপ্রাপক নির্বাচন অনুষ্ঠিত হয়।

সম্পাদকীয়

রাজউকের উদ্যোগে রাজধানী ঢাকা শহরের আবাসন সমস্যার সমাধানকল্পে শহরের মধ্যে এবং আশেপাশে বেশ কতগুলো আবাসন প্রকল্প গড়ে উঠছে। উল্লেখযোগ্য প্রকল্পের মধ্যে উত্তরা ও পূর্বাচল প্রকল্পে আবাসিক প্লট বরাদ্দের ক্ষেত্রে বর্তমান সরকার স্বচ্ছতার সাথে সম্পন্ন করেছে। সম্প্রতি ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার ঝিলমিল আবাসিক প্রকল্পের প্লট বরাদ্দের লটারী অনুষ্ঠান এপ্রিল ও মে মাসে সম্পন্ন হয়েছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মাধ্যমে লটারী কার্যক্রম পরিচালিত হয়। লটারী অনুষ্ঠানে গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিকসহ সকল স্তরের জনগণ ও আবেনকারীগণ উপস্থিত ছিলেন। স্বচ্ছতার সাথে প্লটের লটারী সম্পন্ন হওয়ায় সাধারণ মানুষ কর্তৃক রাজউক প্রসংশিত হয়েছে। ভবিষ্যতেও প্লট/ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে এরূপ শতভাগ স্বচ্ছতা অব্যাহত থাকবে বলে আমাদের বিশ্বাস।

লটারী ও বরাদ্দ প্রাপক নির্বাচন কার্যক্রম বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মাধ্যমে সম্পন্ন হয়।

প্রাথমিকভাবে নির্বাচিতদের আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাইয়ের পর তাদের সাময়িক বরাদ্দপত্র প্রেরণ করা হবে। উল্লেখ্য, যে সকল আবেদনকারী প্লট বরাদ্দের জন্য বিবেচিত হননি তাদের জামানতের টাকা তাদের আবেদনপত্রে উল্লেখিত ব্যাংক একাউন্টে যথাশীঘ্র ফেরত প্রদান করা হবে। এজন্য পুণরায় আবেদন করার প্রয়োজন হবে না। এ বিষয়ে জনাব মোঃ আবু কাওছার মল্লিক, উপ-পরিচালক (হিসাব)-কে আহবায়ক করে ৪ (চার) সদস্য-বিশিষ্ট একটি কমিটি কার্যকর রয়েছে।

উত্তরা ৩য় পর্ব প্রকল্পের ফ্ল্যাট বরাদ্দের আবেদনপত্র ৩১ জুলাই' ১২ পর্যন্ত জমা নেয়া হবে

উত্তরা ৩য় পর্ব প্রকল্পে লেক ও খোলামেলা মাঠসহ মনোরম লোকেশনে ১৮নং সেক্টরে ভূমিকম্প সহনশীল করে দেশী-বিদেশী প্রকৌশলীদের নিবিড় তত্ত্বাবধানে আধুনিক স্থাপত্যশৈলীতে নির্মাণাধীন কম-বেশী প্রতিটি ১৬২০ বর্গফুট আয়তনের ৬৬০০টি "এ" ক্যাটেগরীর ফ্ল্যাট বরাদ্দের আবেদনপত্র জমা দেয়ার তারিখ আগামী ৩১ জুলাই' ১২ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। রাজউক ওয়েব সাইট (www.rajukdhaka.gov.bd) হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

যে কোন প্রয়োজনে দালাল নয় বরং সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করুন

প্রতি ফ্ল্যাটের জন্য জামানত টাঃ ৩,০০,০০০/- মাত্র এবং বৈদেশিক মুদ্রায় আবেদনকারীদের জামানত ইউএস ডলার ৩,৬৫০। ফ্ল্যাটের মূল্য ৮টি সহজ কিস্তিতে পরিশোধ করা যাবে। সরকারী মালিকানাধীন এ ফ্ল্যাটগুলো বসবাসের উপযোগী করে আগামী ২০১৫ সালের মধ্যে পজেশন বুঝিয়ে দেয়া হবে।

পূর্বাচল নতুন শহর প্রকল্পের প্লট হস্তান্তর কাজ চলমান

২০১০ সাল হতে পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১, ৪, ৫, ১৭ ও ১১ নং সেক্টরে মোট ৩০০০ আবাসিক প্লট হস্তান্তরের কাজ চলমান আছে। বর্তমানে ১৩ নং সেক্টরের প্লট হস্তান্তরের কাজ শুরু হয়েছে।

পূর্বাচল প্রকল্পের দখল প্রদানকৃত প্লটের লীজ দলিল রেজিষ্ট্রি কার্যক্রম অব্যাহত

পূর্বাচল প্রকল্পের ৪, ৫ ও ৭ নম্বর সেক্টরের দখল প্রদানকৃত প্লটের লীজ দলিল রেজিষ্ট্রি শুরু হয়েছে। অক্টোবর থেকে জুন ২০১২ পর্যন্ত মোট ২৬০টি প্লটের লীজ দলিল রেজিষ্ট্রি সম্পন্ন হয়েছে।

পূর্বাচল নতুন শহর প্রকল্পে বরাদ্দকৃত প্লটের আয়তন বৃদ্ধি/পরিবর্তন সংক্রান্ত বিধিমালা প্রণয়নের লক্ষ্যে কমিটি গঠন

পূর্বাচল নতুন শহর প্রকল্পে বিভিন্ন ক্যাটাগরীতে বরাদ্দকৃত প্লটের আয়তন বৃদ্ধি/পরিবর্তন সংক্রান্ত বিধিমালা প্রণয়নের লক্ষ্যে ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে সদস্য (এষ্টেট), রাজউক মহোদয় আহবায়ক ও পরিচালক (ভূমি) সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটি ১৫ (পনের) দিনের মধ্যে এ বিষয়ে প্রতিবেদন দাখিল করবে।

নগর পরিকল্পনা

নগর পরিকল্পনা শাখায় ৬২০টি ছাড়পত্র অনুমোদন

নগর পরিকল্পনা শাখায় এপ্রিল-জুন ২০১২ পর্যন্ত চারটি অঞ্চলে ১৫৪৮ টি ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন পত্র জমা হয়েছে। তন্মধ্যে ৬২০ টি আবেদনের অনুকূলে ছাড়পত্র প্রদান করা হয়েছে এবং ৫২টি আবেদন পত্র প্রত্যাখান করা হয়েছে। অবশিষ্ট আবেদন পত্রগুলি প্রক্রিয়াধীন রয়েছে।

দুটি বেসরকারী আবাসিক প্রকল্প শর্তসাপেক্ষে অনুমোদিত

বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ এর বিধি ১৮ অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক কতিপয় শর্ত সাপেক্ষে বিগত ১৩ মার্চ ও ১৮ এপ্রিল, ২০১২-এ অনুষ্ঠিত সভায় দুটি বেসরকারী আবাসিক প্রকল্প অনুমোদিত হয়। প্রকল্প দুটি হলো ঃ নেপচুন ল্যান্ড ডেভেলপমেন্ট লিঃ এর ইউনাইটেড সিটি আবাসিক প্রকল্পের (১ম পর্ব) ১৩৭.২১৪৫ একর এবং বিডিডিএল নতুনধারা আবাসিক প্রকল্পের (১ম পর্ব) ১৭২.৬৩ একর ।

গুলশান আবাসিক এলাকার অনুমোদনবিহীন বাণিজ্যিক ও অ-আবাসিক স্থাপনা চিহ্নিত

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন গুলশান আবাসিক এলাকার অনুমোদিত লে-আউট প্ল্যানে চিহ্নিত ভূমি ব্যবহার ও সরকার কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে চিহ্নিত ভূমি ব্যবহারের ব্যত্যয় ঘটিয়ে যে সকল প্লটে স্থাপনা/অবকাঠামো ব্যবহার করা হচ্ছে সে বিষয়ে বিস্তারিত তথ্য ও প্রতিবেদন সংগ্রহ করা হয়েছে। সার্বিক তথ্যাবলী সংগ্রহের জন্য রাজউকের দুটি টিমের মাধ্যমে সরেজমিনে ভিডিও ও ছবিসহ তথ্যাবলী সংগ্রহ করা হয়। সার্বিক কার্যক্রম মনিটর করেন সদস্য এষ্টেট আখতার হোসেন ভূইয়া এবং সাচিবিক দায়িত্ব পালন করেন আবু হাসান মোর্তুজা, পরিচালক (নগর পরিকল্পনা)। এ বিষয়ে হালনাগাদ সংগৃহীত তথ্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটিতে উপস্থাপন করা হয়।

Betterment Fee আদায়ের লক্ষ্যে কমিটি গঠন

The Town Improvement Act 1953 এর নির্দেশনা অনুযায়ী "বেগুণবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন" শীর্ষক প্রকল্প, পূর্বাচল নতুন শহর প্রকল্পের ৩০০ ফুট রাস্তা, পূর্বাচল লিংক রোড, গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন প্রকল্প, মাদানী এভিনিউ পূর্বমুখী সম্প্রসারণ" প্রকল্প সমূহ বাস্তবায়নের ফলে যে সকল ভূমির মালিকগণ লাভবান হবেন তাদের নিকট হতে Betterment Fee আদায়ের লক্ষ্যে সদস্য (পরিকল্পনা), রাজউক-কে আহ্বায়ক এবং প্রকল্প পরিচালক (গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন প্রকল্প) সদস্য-সচিব করে ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করবেন।

নক্সা অনুমোদন শাখা

এপ্রিল-জুন ২০১২ সাল পর্যন্ত ৩৫টি বৃহদায়তন বা বিশেষ প্রকল্প অনুমোদন কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা পূর্বক অনুমোদিত হয়েছে। ত্রুটিপূর্ণ আবেদন দাখিল হওয়ায় ২টি আবেদন প্রত্যাখান করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত সময়ে মোট ৪৬টি বিশেষ প্রকল্পের আবেদনপত্র জমা হয়েছে। এপ্রিল-জুন ২০১২ সাল পর্যন্ত নক্সা অনুমোদন শাখা কর্তৃক প্রায় ৮৪৩টি নক্সা অনুমোদিত হয়েছে। উক্ত সময়ে মোট ১০৪৯টি নক্সা জমা হয়।

উন্নয়ন

এপ্রিল থেকে জুন, ২০১২ পর্যন্ত পূর্বাচল নতুন শহর প্রকল্পের কাজের উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।

পূর্বাচল সংযোগ সড়ক ঃ কুড়িল থেকে কাঞ্চন ব্রীজ পর্যন্ত ৩০০ ফুট প্রশস্ত ও প্রায় ১৩ কিলোমিটার সংযোগ সড়কের নির্মাণ কাজ চলমান। জুন/২০১২ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি ২৫% ।

কুড়িল ফ্লাইওভার ঃ কুড়িল ফ্লাইওভারের নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। প্রতিনিয়ত মন্ত্রণালয় ও রাজউক এর উর্ধ্বতন কর্তৃপক্ষ কাজের অগ্রগতি মনিটরিং করছেন। জুন, ২০১২ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি ৬০% । আগামী ডিসেম্বর, ২০১২ তারিখে ফ্লাইওভারের নির্মাণ কাজ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে ।

বালু ব্রীজ ঃ বালু নদীর উপর ১০৮ মিটার দীর্ঘ স্প্যান বিশিষ্ট ব্রীজ এর নির্মাণ কাজ চলমান। জুন/২০১২ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি ৭০% । আগামী নভেম্বর, ২০১২ ব্রীজের কাজ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে।

নির্মাণাধীন বালু ব্রীজ

অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ কাজ ঃ পূর্বাচল নতুন শহর প্রকল্পের নারায়ণগঞ্জ অংশের ৮০ কি.মি. রাস্তার কাজ চলমান। ৪৫ কি.মি. রাস্তার কাজ ইতোপূর্বে সমাপ্ত হয়েছে। ৬০ কি.মি. রাস্তার কাজের জন্য দরপত্র অনুমোদন প্রক্রিয়াধীন আছে।

নারায়ণগঞ্জ অংশের ভূমি উন্নয়ন কাজ ঃ পূর্বাচল নতুন শহর প্রকল্পের নারায়ণগঞ্জ অংশের প্রায় ৪৫০০ একর ভূমি উন্নয়ন কাজের মধ্যে প্রায় ১৫০০ একর ভূমি বালি/মাটি ভরাটের মাধ্যমে ইতোপূর্বে সমাপ্ত হলেও প্রায় ৩০০০ একর এলাকায় স্থানীয় আদিবাসীদের ঘরবাড়ীর কারনে কাটিং-ফিলিং এর কাজ বন্ধ ছিল। বর্তমানে আদিবাসীদের প্লট বরাদ্দ করায় এবং উচ্ছেদ কার্যক্রমের ফলে ব্যাপক আকারে কাটিং-ফিলিং এর কাজ শুরু হয়েছে।

গাজীপুর অংশের ভূমি উন্নয়ন কাজ ঃ পূর্বাচল নতুন শহর প্রকল্পের গাজীপুর অংশের প্রায় ১৫০০ একর ভূমি উন্নয়ন কাজের জন্য দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র মূল্যায়ন ও ঠিকাদার চূড়ান্ত করে আগামী আগষ্ট, ২০১২ এর শেষ নাগাদ ভূমি উন্নয়ন কাজ শুরু হবে।

ইরাকী রাষ্ট্রদূতের পূর্বাচল প্রকল্প পরিদর্শন

১৭ এপ্রিল ২০১২ তারিখে ইরাকের রাষ্ট্রদূত জনাব জাকির কাশেম মাহদি আল কাফাফ পূর্বাচল প্রকল্প এলাকা পরিদর্শন করেন। তিনি প্রকল্পের কাজে সাম্প্রতিক সময়ের অগ্রগতি দেখে ভূয়সী প্রসংসা করেন

ইরাকের রাষ্ট্রদূত কর্তৃক পূর্বাচল প্রকল্প এলাকা পরিদর্শন

উন্নয়ন নিয়ন্ত্রণ

গুলশানে ওয়ান্ডার ল্যান্ড কর্তৃক দখলকৃত প্লট পুনরুদ্ধার

মহামান্য হাইকোর্টের নির্দেশে ৭ মে, ২০১২ তারিখে গুলশানে অবস্থিত ওয়ান্ডার ল্যান্ড এর উচ্ছেদ কাযক্রম পরিচালনা করে রাজউক। সরকারী নির্দেশে গুলশানে অবস্থিত 'রাজউক সেন্ট্রাল পার্ক'টি ঢাকা সিটি করপোরেশকে রক্ষনা বেক্ষনের জন্য রাজউক হতে হস্তান্তর করা হলে তা বিধি বহির্ভূত ভাবে ঢাকা সিটি করপোরেশনের কাছ থেকে ইজারা নিয়ে ওয়ান্ডারল্যান্ড চিলড্রেন পার্ক নির্মাণের কাজ শুরু হয়। কিন্তু ১৯৯৫ সালের এক রীট আবেদনে উচ্চ আদালত ওয়ান্ডার ল্যান্ডের ইজারা অবৈধ ঘোষণা করে পার্কের যাবতীয় স্থাপনা সরিয়ে ফেলার নির্দেশ প্রদান করে। দীর্ঘ আইনী লড়াইয়ের পর মহামান্য আদালতের নির্দেশে এ অভিযান পরিচালনা করা হয়।

গুলশানে অবস্থিত ওয়ান্ডার ল্যান্ড-এর উচ্ছেদ কাযক্রম

মূল পরিকল্পনা অনুসারে উক্ত স্থানে রাজউক পাবলিক পার্ক স্থাপন করবে। এ লক্ষ্যে প্রতিযোগিতামূলক ডিজাইন আহবান করা হয়েছে।

গুলশান লেকের সীমানা চিহ্নিত/নির্ধারণ করার লক্ষ্যে কমিটি গঠন

গুলশান লেকের বিদ্যমান লে-আউট অনুযায়ী লেকের সীমানা চিহ্নিত/নির্ধারণ করার লক্ষ্যে প্রকল্প পরিচালক, (লেক উন্নয়ন প্রকল্প)-কে আহবায়ক এবং উপ-পরিচালক (এষ্টেট)-কে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। ০৫ সদস্য বিশিষ্ট কমিটি ০৭ দিনের মধ্যে সীমানা চিহ্নিত/নির্ধারণ করে প্রতিবেদন দাখিল করবে।

রিহ্যাব ফেয়ারে অনুমোদনহীন প্রকল্পের বিরুদ্ধে কঠোর অবস্থানে রাজউক

গত ১৪-১৭ জুন, ২০১২ পর্যন্ত অনুষ্ঠিত রিহ্যাব সামার ফেয়ার-এ রাজউক আওতাধীন এলাকায় অনুমোদনবিহীন প্রকল্পের বিরুদ্ধে কঠোর অবস্থান নেয় রাজউক। রাজউক প্রতিনিধিদল মেলা পরিদর্শন করেন। এ সময় তারা অনুমোদনবিহীন প্রকল্প সংশ্লিষ্ট কোম্পানীসমূহকে কারণ দর্শাও নোটিশ জারিসহ প্রাথমিকভাবে সতর্ক করে দেয়। উল্লেখ্য, বেসরকারী আবাসন প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ অনুযায়ী অনুমোদনের পূর্বে কোনো ধরনের বিজ্ঞাপন প্রচার করা নিষিদ্ধ।

অনুমোদনহীন ও অবৈধ স্থাপনা চিহ্নিত করনে রাজউককে সহায়তা করুন

অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা

জুন, ২০১২ এর বিভিন্ন কার্যদিবসে অথরাইজড অফিসার ১এ ও ১বি এর আওতাধীন এলাকায় নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ শহীদুল ইসলাম এর নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এতে বিভিন্ন ক্ষেত্রে কারাদন্ড প্রদান ছাড়াও সাত লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়।

অথরাইজড অফিসার-১ এর আওতাধীন এলাকায় উচ্ছেদ অভিযান

এছাড়া এপ্রিল-মার্চ ২০১২ এর বিভিন্ন কার্যদিবসে অথরাইজড অফিসার-১ এর আওতাধীন বিভিন্ন স্থানে নির্মাণাধীন ইমারতের অনুমোদনের ব্যতিক্রম/ব্যত্যয় অংশে অপসারণের লক্ষ্যে উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়।

প্রশাসন

যোগদান

অফিস আদেশ ৪১/২০১২ অনুযায়ী, ১৫ এপ্রিল, ২০১২ তারিখে আবু হাসান মোর্ত্তুজা, উপ-পরিচালক (নগর পরিকল্পনা)-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে পরিচালক (নগর পরিকল্পনা) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ৪২/২০১২ অনুযায়ী, ১৮ এপ্রিল ২০১২ তারিখে জনাব সিরাজুল ইসলাম, উপ-পরিচালক (নগর পরিকল্পনা)-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পরিচালক (পরিকল্পনা প্রণয়ন) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ৭৯/২০১২ অনুযায়ী জনাব এ, কে এম শফিকুর রহমান, উপ-পরিচালক (নগর পরিকল্পনা)-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর জন্য উত্তরা ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের উপ-পরিচালক (এস্টেট) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ- ৫৫/২০১২ অনুযায়ী ১০ মে, ২০১২ তারিখে জনাব এ, কে এম আহসান ইকবাল ভূঁইয়া, উপ-পরিচালক (এস্টেট-৩) কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ঝিলমিল আবাসিক প্রকল্পের উপ-পরিচালক (এস্টেট) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ -৫৩/১২ অনুযায়ী ৯ মে , ২০১২ তারিখে জনাব এ, এস, এম সফিউল আজম, সিনিয়র সহকারী সচিব, (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা)-কে আইন শাখায় সংযুক্ত করা হয়েছে।

বদলী

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের জারিকৃত অফিস আদেশ প্রশা-৬/রাজ-৭৯/৯৮/৩৪৪/১(৭), তারিখঃ ২০/০৫/২০১২ অনুযায়ী জনাব জি এম এ হালিম, অথরাইজড অফিসার, বিল্ডিং কনষ্ট্রাকশন কমিটি ৩বি-কে চট্টগ্রাম গণপূর্ত বিভাগ চট্টগ্রামে সংযুক্ত আদেশ বাতিলের মাধ্যমে বদলী করা হয়েছে।

প্রশিক্ষণ

কোরিয়া, অষ্ট্রেলিয়া সফরে প্রতিনিধি দল

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রকৌশল মোঃ নুরুল হুদা এর নেতৃত্বে ১০ (দশ) সদস্যের একটি প্রতিনিধিদল ১৪ জুন ২০১২ হতে ২৩ জুন, ২০১২ পর্যন্ত দক্ষিণ কোরিয়া ও অষ্ট্রেলিয়া সফর করেন। জনাব তপন কুমার দাস, সদস্য (অর্থ), জনাব খিজির আহমেদ, পরিচালক (এস্টেট), জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূমি), জনাব মোঃ এমদাদুল ইসলাম, প্রকল্প পরিচালক, ফ্ল্যাট নির্মাণ প্রকল্প, জনাব আবু হাসান মোর্ত্তুজা, পরিচালক (নগর পরিকল্পনা), জনাব মোঃ ছাইদুর রহমান, প্রকল্প পরিচালক, লেক উন্নয়ন প্রকল্প, জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান, নির্বাহী ম্যাজিস্ট্রেট, জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী পরিচালক (হিসাব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রতিনিধি মোঃ শাহাদাৎ হোসেন, উপ-সচিব চেয়ারম্যান মহোদয়ের সফরসঙ্গী ছিলেন।

প্রতিনিধিদল যাত্রাবিরতিকালে মালয়েশিয়ার কুয়ালালামপুরে মালয়েশিয়া সরকারের Special Envoy (Infrastrcture) India &

South Asia -এর সাথে এক সভায় মিলিত হয়। সভায় মালয়েশিয়া সরকারের প্রতিনিধি বাংলাদেশে রাজউকের নির্মাণ কাজে অংশ গ্রহন করতে আগ্রহ প্রকাশ করেন। পরে সফরকারীগণ কুয়ালালামপুরের Twine Tower ও পুত্রাজায়াতে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী কার্যালয় ও সচিবালয়ের পরিকল্পনা ও নির্মাণ কাজ পরিদর্শন করেন।

দক্ষিণ কোরিয়া ও অষ্ট্রেলিয়া সফরে রাজউক প্রতিনিধিদল

তারা কোরিয়া সফরকালে Don Ah consortium এর চেয়ারম্যানের সাথে বৈঠক করেন। বৈঠকে উত্তরা ফ্ল্যাট প্রজেক্ট সম্পর্কে জানানো হয় এবং তারা প্রজেক্টে কাজ করতে আগ্রহ প্রকাশ করেন। পরে তাদের একটি হাউজিং প্রজেক্ট পরিদর্শন করা হয়। এ দিন বিকেলে একটি শপিং সেন্টারের নির্মাণ পরিকল্পনা কাজ দেখা হয়। পরদিন দক্ষিন কোরিয়ার সর্ব দক্ষিণে দ্বিতীয় বৃহত্তম শহর বুশানে যাওয়া হয়। সাগরের মাঝে এ শহরটির নির্মাণ শৈলী ও পরিকল্পনা কাজ পর্যবেক্ষণ করা হয়। তাছাড়া নির্মাণাধীন ইনচেন সিটি পরিদর্শন করা হয়। সিডিলের বিখ্যাত সিউল টাওয়ার পরিদর্শন ও নির্মাণ কাজ দেখা হয়।

অষ্ট্রেলিয়ার সিডনী সফরকালে Combelltown, Black town, Banks town এবং Wollongong এর কাউন্সিল অফিসে সংশ্লিষ্ট মেয়রদের সাথে আলাদা আলাদাভাবে বাংলাদেশ প্রতিনিধি দলের আলোচনা অনুষ্ঠিত হয়। রাজউকের নগর পরিকল্পনা সম্পর্কে তাদেরকে অবহিত করা হয় এবং তারাও তাদের শহর পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে সভায় আলোচনা করেন। সফরকালে তারা অপূর্ব স্থাপত্যকীর্তি সিডনী অপেরা হাউস, ডার্লিং হার্বার, মানলি সমুদ্রসৈকত, ব্লু মাউনটেইন ও সিডনি অ্যাকুরিয়াম পরিদর্শন করেন। এসব অভিজ্ঞতা নগর উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে প্রয়োগ করা হবে মর্মে দলনেতা জানান।

গ্রীস সফরে প্রতিনিধি দল

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (উন্নয়ন), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাস্তবায়ন) ও প্রকল্প পরিচালক (এম আই এস) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বৈ ও যা) সমন্বয়ে গঠিত ৩ (তিন) সদস্যের টিম রাজউকের গুলশান কার-পার্কিং কাম অফিস ভবন নির্মাণ প্রকল্পের কার-লিফটের মালামাল পরিদর্শন ও সংক্ষিপ্ত প্রশিক্ষণের জন্য গত ১১ জুন, ২০১২ হতে ১০ (দশ) দিনের জন্য গ্রীসের Thessalonki শহরে গমন করেন। Thessalonki অবস্থানকালে Kilkis Industrial Area -তে কার-লিফট ম্যানুফ্যাকচারিং প্রতিষ্ঠান KLEEMANN Hellass.A ফ্যাক্টরী পরিদর্শন ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ গ্রহণ করেন।

গ্রীস সফরে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাস্তবায়ন) ও প্রকল্প পরিচালক এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বৈ ও যা)

১১ জুন ২০১২ হতে ১৫ জুন ২০১২ পর্যন্ত সংক্ষিপ্ত প্রশিক্ষণ এবং ১৬ জুন ২০১২ হতে অবশিষ্ট দিনগুলি বিষয় বর্ণিত মালামালগুলির সাথে সংশ্লিষ্ট যন্ত্রাংশ ও নিরাপত্তা ডিভাইসের চেকিং ও টেষ্টিং কার্যক্রম প্রত্যক্ষ করা হয় এবং মালামাল সরেজমিনে পরিদর্শন করা হয়।

সুইডেনে রাজউক প্রতিনিধি

২০ মে হতে ১০জুন ২০১২ পর্যন্ত সুইডেনে অনুষ্ঠিত সিডার "Local Environmental Management in Urban Areas 2012 Asia" শীর্ষক এক আর্ন্তজাতিক সম্মেলনে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী খন্দকার সালাউদ্দিন অংশগ্রহণ করেন।

সুইডেনে অনুষ্ঠিত আর্ন্তজাতিক সম্মেলনে রাজউকের প্রধান প্রকৌশলী

"Office Administration" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সহকারী পরিচালক/সহকারী প্রকৌশলী/সহকারী সচিব পর্যায়ের ২৫ (পঁচিশ) জন কর্মকর্তার সমন্বয়ে "Office Administration" শীর্ষক প্রশিক্ষণ কোর্স গত ১৮ জানুয়ারী, ২০১২ তারিখে শুরু হয়ে ২৯.০২.২০১২ তারিখে কোর্স সম্পন্ন হয়েছে। গত ০৩.০৩.২০১২ তারিখে উক্ত প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে সদস্য (প্রশাসন ও ভূমি) মহোদয়ের নেতৃত্বে গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ে শিক্ষা সফর সম্পন্ন হয়। জেলা প্রশাসক মহোদয় অত্যন্ত আন্তরিকতার সাথে প্রশিক্ষণার্থীদের স্বাগত জানান এবং মত বিনিময় সভায় জেলা প্রশাসনের সার্বিক কার্যক্রম সম্বন্ধে অবহিত করেন। শিক্ষা সফরের মাধ্যমে সরকারী/বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে জেলা প্রশাসক কার্যালয় কিভাবে সমন্বয় করে তাঁর কার্যক্রম পরিচালনা করে থাকেন সে বিষয়ে সার্বিক ধারনা লাভ করতে প্রশিক্ষণার্থীগণ সক্ষম হয়েছেন। গত ২৩ মে ২০১২ ইং তারিখে অনুষ্ঠিত উক্ত কোর্সের সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে রাজউকের চেয়ারম্যান মহোদয় কর্তৃক সার্টিফিকেট বিতরণ করা হয়।

কোর্সের উপদেষ্টা ও গাজীপুর জেলা প্রশাসক সহ শিক্ষা সফরে "Office Administration" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগন

"Development Management (Act, Rules & Proceduces related to RAJUK)" শীর্ষক অভ্যন্তরীন প্রশিক্ষণ অনুষ্ঠিত

অভ্যন্তরীন প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ইমারত পরিদর্শক, ড্রাফটসম্যান ও সার্ভেয়ারদের সমন্বয়ে গঠিত প্রশিক্ষণের ১৪ ও ১৫ তম ব্যাচ "Development Management (Act, Rules & Proceduces related to RAJUK)" শীর্ষক দুইটি প্রশিক্ষণ কোর্স (Phase-1 & 2) সফলভাবে সম্পন্ন হয়েছে। উক্ত প্রশিক্ষণের ১৪ তম ব্যাচের শিক্ষা সফর ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা দপ্তরে সুসম্পন্ন হয়েছে। ১৫ তম ব্যাচের শিক্ষা সফর জুলাই, ১২ এর সুবিধাজনক সময়ে অনুষ্ঠিত হবে।

প্রশিক্ষণ দিনপুঞ্জি অনুমোদিত

আগামী ২০১২-২০১৩ অর্থ বছরে রাজউকে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ দিনপুঞ্জি কর্তৃপক্ষের সাধারণ সভায় অনুমোদন লাভ করে। যেখানে মধ্য মেয়াদী কোর্স সংখ্যা ০৬টি, স্বল্প মেয়াদী কোর্স সংখ্যা ০৫ টি এবং সম্ভাব্য মোট প্রশিক্ষণার্থী সংখ্যা ২৭৫ জন।

হিসাব

রাজউকের ২০১১-১২ অর্থ বছরের আয় ব্যয়ের হিসাব প্রকাশ

রাজউকের হিসাব ও নিরীক্ষা সম্পর্কিত সমন্বয় সভায় অর্থ ও হিসাব বিভাগ ২০১২ অর্থ বছরের অনিরীক্ষীত আয় ব্যয়ের হিসাব উপস্থাপন করে। গত বছরে রাজস্ব খাতে আয় হয়েছে ১৮১.৫৯ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ৫৮.৫৯ কোটি টাকা। ব্যয় অতিরিক্ত আয় হয়েছে ১২৩.০০ কোটি টাকা। মূলধন খাতে আয় হয়েছে ১২৬.২১ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ১,৪৭ কোটি টাকা। ব্যয় অতিরিক্ত আয় হয়েছে ১২৪.৭৪ কোটি টাকা। রাজস্ব ও মূল খাতে সর্বমোট ব্যয় অতিরিক্ত আয় হয়েছে ২৪৭.৭৪ কোটি টাকা। বর্ণিত বছরে রাজউকের নিজস্ব অর্থে ২৫৯.৪২ কোটি এবং সরকারী অর্থ ৪৫১.৯৬ কোটি সর্বমোট ৭১১.৩৮ কোটি টাকার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করেছে।

রাজউক কর্তৃক সরকারকে প্রদেয় অর্থ

রাজউক কর্তৃক ২০১১-২০১২ অর্থ বছরে ভ্যাট, ট্যাক্স ও উৎসে কর কর্তন বাবদ প্রদেয় অর্থের পরিমান সর্বমোট ঃ টাকা চৌষট্টি কোটি একত্রিশ লক্ষ সত্তর হাজার নয়শত নয় ও পয়সা একষট্টি।

রাজউকে LAN লাইন স্থাপন

জবাব দিহিতা, স্বচ্ছতা ও দ্রুতার সংগে সেবা প্রদানের লক্ষ্যে রাজউকের বিভিন্ন শাখার সংগে রাজউক ভবনস্থ তিনটি সরকারী ব্যাংক যথাক্রমে জনতা, অগ্রণী ও সোনালী ব্যাংকে LAN Line স্থাপন করা হয়েছে। আসা করা যাচ্ছে এর ফলে রাজউক-এর পক্ষে অপেক্ষাকৃত কম সময়ে স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে জনসাধারণকে সেবা প্রদান করা সম্ভবপর হবে।

নিরীক্ষা

রাজউকের নিরীক্ষা শাখা কর্তৃক বিদ্যমান কার্যক্রম সম্পর্কিত তথ্য বিবরণী

স্বচ্ছতা ও জবাবদিহিতা নিরুপনে নিরীক্ষা বিভাগ একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে বিশেষ ভূমিকা পালন করে থাকে। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিরীক্ষা বিভাগ অডিট আপত্তি নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহন করে আসছে।

৯ম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৮ নং বৈঠক গত ৩রা এপ্রিল ২০১২ ইং তারিখে অনুষ্ঠিত হয়। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সূচনা লগ্ন হতে শুরু করে ১৯৯৫ সাল পর্যন্ত যে সমস্ত অডিট আপত্তি আছে সেগুলো নিয়ে বিশদ আলোচনা হয়। এছাড়া ৯ম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১ নং সাব কমিটির ১৯ তম সভা গত ৬ই জুন, ২০১২ তারিখে যুগ্ম-সচিবের অফিস কক্ষে অডিট আপত্তি নিস্পত্তিকল্পে এক সভা অনুষ্ঠিত হয়। গত ১৩ জুন ২০১২ তারিখে রাজউক সভাকক্ষে উপ-সচিব এর সভাপতিত্বে ২০০০-২০০১ সালের অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভিন শাখার অডিট আপত্তি নিস্পত্তি সুপারিশ করা হয় এবং অডিট আপত্তি নিস্পত্তির জন্য দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হয়। গত ২৮ মে ২০১২ ইং তারিখে রাজউক সভাকক্ষে হিসাব ও নিরীক্ষা শাখা কর্তৃক আয়োজিত মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এখানে হিসাব শাখার কার্যক্রমগুলো কম্পিউটারাইজড সিষ্টেমে টালি সফটওয়ার ব্যবহারে কিভাবে পরিচালিত হচ্ছে তা তুলে ধরা হয়। উক্ত সভায় চেয়ারম্যান মহোদয় বিভিন্ন শাখার অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে কার্যক্রমকে আরো সুদৃঢ় করার জন্য পরিচালক (নিরীক্ষা)-কে নির্দেশ প্রদান করেন। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিরীক্ষা শাখা আয়োজিত অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক অথরাইজড ৪/এ/বি এর দপ্তরে নিরীক্ষা কার্য্য পরিচালিত হচ্ছে এরই ধারাবাহিকতা হিসাবে পর্যায়ক্রমে অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক রাজউকের বিভিন্ন শাখায় নিরীক্ষা কার্য পরিচালিত হবে।

অডিট আপত্তি নিস্পত্তির জন্য মাননীয় চেয়ারম্যান রাজউক, বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের তৎপর হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

আইন বিষয়ক

রাজউক এর আইন শাখা একটি গুরুত্বপূণ শাখা। এখানে প্রায় ৫০০০ মামলা রয়েছে। রীট মামল ২২৬৬টি, সিভিল মামলা-১০১৭টি, আরবিট্রেশন মামলা-১০৫৩ টি,সেগুলো রাজউক এর বিরুদ্ধে করা হয়েছে। অন্যদিকে Building Deviation জালিয়াতি করে প্ল্যান তৈরী ইত্যাদি কারণে রাজউক বেশ কিছু মামলা দায়ের করেছে। এছাড়া তিনজন বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট এর মাধ্যমে নিয়মিত মোবাইল কোর্ট ও উচ্ছেদ অভিযান পরিচালিত হচ্ছে। রাজউক এর মামলা পরিচালনার জন্য ১০৩ জন প্যানেল আইনজীবী কাজ করছেন। মামলার কার্যক্রম চেয়ারম্যান মহোদয় নিবিড় পর্যবেক্ষণ করছেন। এছাড়া সকল শাখা প্রধান আইন শাখাকে সার্বিক সহযোগিতা প্রদান করছেন। মামলার কার্যক্রম সন্তোষজনক।

বিবিধ

রাজউকের আঞ্চলিক অফিস স্থাপনের লক্ষ্যে কমিটি গঠন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদনাধীন সাংগঠনিক কাঠামো অনুযায়ী আঞ্চলিক অফিস স্থাপনের লক্ষ্যে সাময়িক ও স্থায়ী অফিস স্থাপনের স্থান নির্ধারণসহ এ সংক্রান্ত অন্যান্য প্রস্তুতি সম্পন্ন করার লক্ষ্যে সদস্য (প্রশাসন ও ভূমি) মহোদয়কে আহবায়ক ও পরিচালক (ভূমি), রাজউক , সদস্য-সচিব করে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে সুপারিশ দাখিল করবে।

Allotment of Lands Rules, 1969-এর বাংলায় রুপান্তর করার নিমিত্তে কমিটি গঠন

The Town Improvement Act 1953 (Allotment of Lands Rules, 1969)- এ ইংরেজী ভাষা হতে বাংলায় রুপান্তর করার নিমিত্তে জনাব মোঃ গোলাম মোস্তফা, পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ)-কে আহবায়ক করে ৩ সদস্য-বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি ১৫ কার্যদিবসের মধ্যে বাংলা ভাষায় রুপান্তরের খসড়া দাখিল করবে।

রাজউক অফিসার্স ক্লাব গঠনের সিদ্ধান্ত

রাজউক অফিসার্স ক্লাব-এর সদস্য-সচিব মোঃ এমদাদুল ইসলাম এক বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ০৫/২০১২ তম সাধারণ সভায় সংস্থার অফিসারগণের মধ্যে ভ্রাতৃত্ব, সৌহার্দ্য, সহমর্মিতা, সামাজিক ও পারিবারিক বন্ধন সুদৃঢ় করণ, চিত্তবিনোদনমূলক কার্যক্রম পরিচালনার পাশাপাশি পারস্পরিক যোগাযোগ ও ভাব-বিনিময়ের মাধ্যমে পেশাগত উৎকর্ষতা অর্জনের লক্ষ্যে রাজউক এবং সহযোগী সেবাধর্মী সংস্থার প্রথম শ্রেণীর অফিসার এবং সমমনা পেশাজীবি ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানের সমন্বয়ে "রাজউক অফিসার্স ক্লাব" প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কর্তৃপক্ষ ইতোমধ্যে ক্লাবের খসড়া গঠনতন্ত্র অনুমোদন প্রদান করেছে।

অনুরোধ

রাজউক বার্তায় তথ্য, ছবি, প্রবন্ধ ইত্যাদি দিয়ে সহযোগিতা করুন।

প্রকাশক : মোঃ আশরাফ আলী আখন্দ, উপ-পরিচালক (নগর পরিকল্পনা), রাজউক
রাজউকের পক্ষে প্রকাশক কর্তৃক প্রকাশিত ও মেসার্স এন,আর, প্রিন্টার্স, ১২০, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ হতে মুদ্রিত।
রাজউক বার্তা রেজিষ্ট্রেশন নম্বর : ডিএ/২০০০-২৫, ফোন : (৮৮০-২) ৯৫৫৭৬৯৫ রাজউক পিএবিএক্স : (৮৮০-২) ৯৫৫৬১৬১-৫/১৬৫
ফ্যাক্স : (৮৮০-২) ৯৫৬৩৫৯১, ই-মেইল : mashrafbakul@yahoo.com